রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৩, ২০১৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

### বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়

**অফিস আদেশ**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৬

**নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৪১/২৩**—জনাব আঃ জলিল মোল্ল্যা, নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ঢাকা এর জন্ম তারিখঃ ০১-০৩-১৯৫৭ খ্রিঃ। তাঁর বয়স ২৯-০২-২০১৬ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০১-০৩-২০১৬ খ্রিঃ তারিখ হতে ২৮-০২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হয়ে জারি করা হলো।

**বিকাশ চন্দ্র মিত্র**
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

### খাদ্য অধিদপ্তর
### প্রশাসন বিভাগ

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৪ জানুয়ারি ২০১৬

**নং ১৩.০১.০০০০.০৩১.১৯.০০৫.১৬.৯৬(২৩)**—নিম্নে বর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে বর্ণিত পদ ও স্থানে বদলি করা হলো।

(১) জনাব মোঃ আবুল কালাম আজাদ, এস এন্ড এম ও (চঃ দাঃ), বিশ্বাস বেতকা এলএসডি (১ম শ্রেণি), টাঙ্গাইল—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ), দেলদুয়ার, টাঙ্গাইল।

(২) জনাব মোঃ আনিছুর রহমান খান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ইসলামপুর, জামালপুর (উখানি (টেক), জামালপুর বদলির আদেশাধীন)—এস এন্ড এম ও, বিশ্বাস বেতকা এলএসডি (১ম শ্রেণি), টাঙ্গাইল।

যথযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৮ জানুয়ারি ২০১৬

**নং ১১৬**—জনাব মশিউর রাহমান, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, মুলাদী, বরিশাল, সংযুক্তি- প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকাকে তার আবেদনের প্রেক্ষিতে সংযুক্তি আদেশ বহাল রেখে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলি করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোহাম্মদ আমিনুল এহ্‌সান**
উপ-পরিচালক (সংস্থাপন)।

---

### স্বাস্থ্য অধিদপ্তর

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ নভেম্বর ২০১৫

**নং স্বাঃ অধিঃ/প্রশা-৫/ব্যাঃ/(অংশ-১)/৫৬৮০**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের স্মারক সংখ্যা-৮০.১০৭.০১২.০০.০০.০০৬.২০১৫/৩০৩, তারিখঃ ১৬ই ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ, ৩১ আগস্ট ২০১৫ খ্রিঃ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পশাসন-১ শাখার ২৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ, ১০ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ মারফত জারীকৃত পত্রদ্বয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী বাজেট অফিসারের শূন্য পদে পদোন্নতির সুপারিশের প্রেক্ষিতে নিম্নে বর্ণিত বাজেট সহকারী-কে স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী বাজেট অফিসার এর শূন্য পদে (২০০৯ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) টাঃ ৮০০০-৭x৪৫০-১১১৫০-ইবি-১১x৪৯০-১৬৫৪০/-টাকা বেতনস্কেলে পদোন্নতির মাধ্যমে নিয়োগ পূর্বক তাহার নামের পার্শ্বে বর্ণিত পদে ও কর্মস্থলে পদায়ন করা হইল:

| ক্রঃনং | কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| (১) | জনাব মোঃ মফিজুল হক, বাজেট সহকারী, (বর্তমানে সহকারী বাজেট অফিসার (চঃ দাঃ) কর্মরত) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সহকারী বাজেট অফিসার স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর শূন্য পদে। |

এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫

**নং স্বাঃ অধিঃ/প্রশা/ব্যক্তি-১১২/২০১৩/৬৮৬০**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক সংখ্যা-৮০.১০৭. ০১২.০০.০০.০১২.২০১৫/৪৬২, তারিখঃ ১৬ই পৌষ, ১৪২২ বাংলা, ৩০ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পশাসন-১ শাখার স্মারক সংখ্যা-৪৫.১৩৭.০১১.০০.০০১.২০১৫ (অংশ-১)-২১৬৫ তারিখঃ ১৭ পৌষ-১৪২২ বাংলা, ৩১ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ পত্রদ্বয় মারফত জনাব মোঃ ইকবাল হোসেন-কে প্রশাসনিক কর্মকর্তা'র শূন্য পদে পদোন্নতির সুপারিশের প্রেক্ষিতে নিম্নে বর্ণিত প্রধান সহকারী জনাব মোঃ ইকবাল হোসেন-কে প্রশাসনিক কর্মকর্তা, মেডিকেল সাব-ডিপো, খুলনা এর শূন্য পদে ২০১৫ সালের নতুন জাতীয় বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনস্কেলে পদোন্নতির মাধ্যমে নিয়োগপূর্বক তাঁহার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্রমিক সংখ্যা | কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| (১) | মোঃ ইকবাল হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), মেডিকেল সাব-ডিপো, খুলনা | প্রশাসনিক কর্মকর্তা, মেডিকেল সাব-ডিপো, খুলনা এর শূন্য পদে। |

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ হতে কার্যকর হবে।

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০১৬

**নং স্বাঃ অধিঃ/প্রশা/ব্যক্তি-১১৪/২০১৩/৯০৪**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের স্মারক সংখ্যা-৮০.১০৭.০১২.০০.০০.০১৩.২০১৩/১৪, তারিখঃ ৬ মাঘ,১৪২২ বঙ্গাব্দ, ১৯ জানুয়ারি ২০১৬ খ্রিঃ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার স্মারক সংখ্যা-৪৫.১৩৭.০৬৯.০১.০০.০০১.২০১৫-১৮২ তাং ১৫ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ, ২৮ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ মারফত জারীকৃত পত্রদ্বয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, মহাখালী, ঢাকার ক্যাটালগার এর শূন্য পদে পদোন্নতির সুপারিশের প্রেক্ষিতে নিম্নে বর্ণিত টেকনিক্যাল এ্যাসিসটেন্ট বর্তমানে ক্যাটালগার (চঃ দাঃ)-কে জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, মহাখালী, ঢাকার ক্যাটালগার এর শূন্য পদে (২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) টাঃ ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনস্কেলে পদোন্নতির মাধ্যমে নিয়োগ পূর্বক তাঁহার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্রঃ সংখ্যা | কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| (১) | জনাব এস এম হুমায়ুন কবির, টেকনিক্যাল এ্যাসিসটেন্ট, বর্তমানে ক্যাটালগার (চঃ দাঃ) কর্মরত, জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, মহাখালী, ঢাকা। | ক্যাটালগার, জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, মহাখালী, ঢাকা এর শূন্য পদে। |

এ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

**অধ্যাপক ডাঃ দীন মোঃ নূরুল হক**
মহা-পরিচালক।

## জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

নং ৪৬.২০৩.০০০০.০০১.১৯.১২৪.১১-৩৫৫০—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়-কে তাহাদের নামের পার্শ্বে বর্ণিত স্থান ও পদে বদলী করা হইলঃ

১। জনাব নূর আহাম্মদ, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরা জেলা, সাতক্ষীরা—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শরীয়তপুর জেলা, শরীয়তপুর, চলতি দায়িত্বে নির্বাহী প্রকৌশলী পদে বদলী।

২। জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শরীয়তপুর জেলা, শরীয়তপুর—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরা জেলা, সাতক্ষীরা, চলতি দায়িত্বে নির্বাহী প্রকৌশলী পদে বদলী।

এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ ওয়ালী উল্লাহ্**
প্রধান প্রকৌশলী (অঃ দাঃ)।

---

## বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ১৬ ফাল্গুন ১৪২২/২৮ ফেব্রুয়ারি ২০১৬

নং **ব.পা.অ/প্রঃ-১/৪/২০১৩/৫১৫**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নলিখিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে জনস্বার্থে বদলী করা হলোঃ

(১) জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা—সহকারী পরিচালক (পাসপোর্ট), প্রধান কার্যালয়, ঢাকা।

(২) জনাব মধুসূদন সরকার, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর—বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, খুলনা।

(৩) জনাব মোহাঃ আজমল কবির, সহকারী পরিচালক, অঞ্চলিক পাসপোর্ট অফিস, বরগুনা—আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর।

২। উপরোক্ত কর্মকর্তাগণ আগামী ০৩-০৩-২০১৬ তারিখের মধ্যে বদলীকৃত কর্মস্থলে যোগদান করবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

**ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান পিএসসি**
মহাপরিচালক।

**মৎস্য অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ, ২৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ৩৩.০২.০০০০.১০২.০১.০১০.৮২.১৮৪**—ড. আ ন ম আজিজুল ইসলাম খাঁন, সহকারী পরিচালক (অবসরপ্রাপ্ত), জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কিশোরগঞ্জকে অর্থ মন্ত্রণালয়ের ২১-০১-১৯৮৫ ইং তারিখের এম,এফ/এফ,ডি/রেগ-২/লিভ-১৬/৮৪/৯ সংখ্যক আদেশ মোতাবেক মৎস্য অধিদপ্তরের ২৮-১২-২০১৪ খ্রিঃ তারিখের ৩৩.০২.০০০০.১০২.০১.০১০.৮২-১০৪৮ অফিস আদেশ মূলে ১২ (বার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৫,৮৫০/- +মহার্ঘভাতা ৫,১৭০/-)=৩১,০২০/- × ১২ = অর্থাৎ ৩,৭২,২৪০/- (তিন লক্ষ বাহাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা লাম্পগ্র্যান্ট মঞ্জুর করা হলে কর্মকর্তা উক্ত টাকা যথারীতি উত্তোলন করেন। জাতীয় বেতন স্কেল, ২০১৫ জারি হওয়ায়; অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর ১৪-১০-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (ছ) ছুটি নগদায়নের এবং ক্রমিক ৪ এর বিধান মোতাবেক পি, আর, এল ভোগরত কর্মচারীগণও উক্ত পুনঃ নির্ধারিত সুবিধাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন (কর্মকর্তার গড় বেতনে ২ বৎসর ০৯ মাস এবং অর্ধ গড় বেতনে ২ বৎসর ৮ মাস ছুটি পাওনা রয়েছে। উক্ত ছুটি হতে পিআরএল জনিত কারণে ১ বৎসর ছুটি মঞ্জুর করায় কর্মকর্তা অবশিষ্ট ০১ বৎসর ০৯ মাস গড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য থাকায় সূত্রোস্থ পত্রের ক্রমধারায় বর্ণিত কর্মকর্তা ড. আ ন ম আজিজুল ইসলাম খাঁন অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-১২-২০১৫ খ্রিঃ তারিখের এস. আর. ও নয় ৩৬৯-আইন/২০১৫ এর ১০(২) নং অনুচ্ছেদ মোতাবেক ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্ট বাবদ (২৫,৮৫০/- + মহার্ঘভাতা ৫,১৭০/-) = ৩১,০২০/- × ১৮= ৫,৫৮,৩৬০/- (পাঁচ লক্ষ আটান্ন হাজার তিনশত ষাট) টাকা প্রাপ্য। কিন্তু তিনি ইতোপূর্বে লাম্পগ্র্যান্ট বাবদ (২৫,৮৫০/- + মহার্ঘভাতা ৫,১৭০/-)= ৩১,০২০/-× ১২ = ৩,৭২,২৪০/- (তিন লক্ষ বাহাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা উত্তোলন করেছেন বিধায় পূর্বের লাম্পগ্র্যান্ট হিসেবে প্রদেয় টাকা বাদ দিয়ে (৫,৫৮,৩৬০-৩,৭২,২৪০/- ইতোপূর্বে উত্তোলিত) = ১,৮৬,১২০/- (এক লক্ষ ছিয়াশি হাজার একশত বিশ টাকা) মাত্র লাম্পগ্র্যান্ট হিসেবে উত্তোলনের অনুমতিসহ মঞ্জুরী প্রদান করা হলো।

**সৈয়দ আরিফ আজাদ**
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী বিভাগ, রাজশাহী**
**(রাজস্ব শাখা)।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৬-১২১(৩)**—জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে কর্মরত সহকারী কমিশনার জনাব মোঃ মুশফিকুর রহমান (১৭২৫৬)-কে তাঁর এখতিয়ারাধীন এলাকায় সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক জেনারেল সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

তারিখ, ১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৬-১৪৭**—জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জে কর্মরত সহকারী কমিশনার জনাব ফারাহ্ নাজ আহমেদ (১৬৪৬৩)-কে তাঁর এখতিয়ারাধীন এলাকায় সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক জেনারেল সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা**
**(মাঠ প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৫-১৫৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত ০২(দুই) জন কর্মকর্তাকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায়/কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন/নিয়োগ করা হলোঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আবুল আমিন(১৫৫০৭)<br>নিজ জেলা ঃ সাতক্ষীরা<br>স্পাউসের জেলাঃ সাতক্ষীরা | গাংনী, মেহেরপুর | পরবর্তী নিয়োগের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় এতদ্বারা সংযুক্ত করা হলো। |
| (২) | জনাব মোঃ আরিফ-উজ-জামান (১৬২৬৪)<br>নিজ জেলা ঃ সাতক্ষীরা<br>স্পাউসের জেলা ঃ কুষ্টিয়া | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা | গাংনী, মেহেরপুর |

২। বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা-এর ১৪-০২-২০১৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৫.১৫.১৪১ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৩। ০২ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা ও কার্যালয়ে ১১-০২-২০১৬ তারিখে যোগদান করেন। যোগদান পরবর্তী সময়ের জন্য এ কার্যালয় থেকে তাকে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুস সামাদ**
বিভাগীয় কমিশনার।

**বিভাগীয় উপপরিচালকের কার্যালয়**

**মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ**

**বয়রা, খুলনা**

**আদেশ**

তারিখ, ২৯ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩৩.০২.০০০০.৩০৪.০১.১০৭.০৮-২৪৫**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মৎস্য অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী মৎস্য কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে একই বেতন স্কেল ও পদমর্যাদায় বদলীপূর্বক পদস্থ করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, বর্তমান পদবী ও কর্মস্থল | পদলীকৃত পদ ও কর্মস্থল | যাঁর নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ শহিদুল ইসলাম<br>সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা | সহকারী মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মুজিব নগর, মেহেরপুর | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা<br>শূন্য পদে |

জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মনিরুজ্জামান**
বিভাগীয় উপপরিচালক।

---

**পুলিশ হেডকোয়ার্টার্স**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ২৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং জিএ/১১-২০১৩(ইন্স)/৬০৪**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/১১-২০১১(ইন্স)/১৯১৪, তারিখ-০২-০৯-২০১২ খ্রিঃ মূলে জারীকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়ের অনুকূলে সিলেকশন গ্রেড/টাইমস্কেল মঞ্জুরীর আদেশ আংশিক সংশোধনপূর্বক জাতীয় বেতন স্কেল ২০০৫ এর ৭(৬) এবং জাতীয় বেতনস্কেল/২০০৯ এর ৭(২) ও ৭(৯) অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তের আলোকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেল ও তারিখে সিলেকশন গ্রেড/টাইমস্কেল মঞ্জুরী প্রদান করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, বিপি নং, পদবী ও বর্তমান কর্মস্থল | এসআই/সার্জেন্ট পদে নিয়োগ/পদোন্নতি ও ২য় শ্রেণির পদে পদোন্নতির তারিখ | পদের প্রারম্ভিক বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০০৯) | বর্তমান বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০০৯) | সিলেকশন গ্রেড/১ম টাইমস্কেল/২য় টাইমস্কেল প্রাপ্যতার তারিখ ও বেতন স্কেল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (১) | জনাব রাশিদা বেগম<br>বিপি-৫৫৮০০২৯১৪৪<br>সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক বর্তমানে সিনিয়র সহকারী পুলিশ সুপার (অবঃ) সিআইডি, ঢাকা। | এসআই ২৪-০৯-১৯৮০<br>পুলিশ পরিদর্শক<br>০৬-১১-১৯৮৯ | ৮০০০-১৬৫৪০ | ১২০০০-২১৬০০ | ০৬-১১-১৯৯৩<br>২৮৫০-৫১৫৫<br>(সিলেকশন গ্রেড)<br>০১-০৭-১৯৯৭<br>৪৩০০-৭৭৪০<br>০৬-১১-১৯৯৭<br>৪৮০০-৮১৬০<br>(১ম টাইমস্কেল)<br>০৬-১১-২০০১<br>৬১৫০-৯৭৫০<br>(২য় টাইমস্কেল)<br>০১-০১-২০০৫<br>৯০০০-১৫৪৮০<br>০১-০৭-২০০৯<br>১৫০০০-২৬২০০<br>নিম্নপদে গৃহীত টাইমস্কেল সুবিধা সমর্পণ/সমন্বয় করার শর্তে |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| (২) | জনাব মোঃ আব্দুল বাছেদ খান, পিপিএম বিপি-৫৬৭৫০৭৮৫৯৬ সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক বর্তমানে সহকারী পুলিশ সুপার সিআইডি, ঢাকা। | এসআই ০১-০৩-১৯৮১ পুলিশ পরিদর্শক ১১-০৬-১৯৯৫ | ৮০০০-১৬৫৪০ | ১২০০০-২১৬০০ | ১১-০৬-১৯৯৯ ৪৩০০-৭৭৪০/- (সিলেকশন গ্রেড) ১১-০৬-২০০৩ ৪৮০০-৮১৬০/- (১ম টাইমস্কেল) ০১-০১-২০০৫ ৭৪০০-১৩২৪০ ১১-০৬-২০০৭ ৯০০০-১৫৪৮০/- (২য় টাইমস্কেল) ০১-০৭-২০০৯ ১৫০০০-২৬২০০/- নিম্নপদে গৃহীত টাইমস্কেল সুবিধা সমর্পণ/সমন্বয় করার শর্তে |

উল্লেখ্য যে, বর্ণিত কর্মকর্তাদ্বয় ০১-০১-২০০৫ খ্রিঃ হতে সিলেকশন গ্রেড এর সুবিধা প্রাপ্য হবেন। টাইমস্কেল বাবদ ০১-০৭-২০০৯ এর পূর্বে বেতন নির্ধারণের জন্য হিসাব করা গেলেও এ বাবদ কোন বকেয়া প্রাপ্য হবেন না।

---

২৩ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং জিএ/১৬-২০১৫(ইন্স)/৫৭৩**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/১৬-২০১৫(ইন্স)/২৭৮, তারিখ-২৪-০১-২০১৬ খ্রিঃ মোতাবেক ডিএমপি, ঢাকার শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক (র‌্যাবে বদলীর আদেশপ্রাপ্ত) জনাব মোঃ গোলাম ইয়াজদানী (বিপি-৭৩৯৯০১১০৫৮) এর র‌্যাবে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং জিএ/২-২০১৪(অংশ-১)(ইন্স)/৬২৬**—ডিএমপি, ঢাকায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ ফিরোজ কবির (বিপি-৭৯০৪১১০৬৪২)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে রংপুর রেঞ্জ ডিআইজি অফিস, রংপুরে সংযুক্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৭-২০১৬(ইন্স)/৬২৮**—বিএমপি, বরিশালে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব এস, এম ফজলুর রহমান ফারুকী (বিপি-৮১০৩১১৩০৫৩) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সিএমপি, চট্টগ্রামে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০৫-০৩-২০১৬ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ০৬-০৩-২০১৬ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ০১ মার্চ ২০১৬ ইং

**নং জিএ/৫২-২০১৫(অংশ)(ইন্স)/৬৬৬**—টাঙ্গাইল জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোহাঃ আব্দুর রকিব খান (বিপি-৬৫৮৯০০৮৯০৮) এর ০১-০১-২০১৪ হতে ০৮-০৫-২০১৪ খ্রিঃ পর্যন্ত সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক লিপিবদ্ধকৃত বিরূপ মন্তব্য পর্যালোচনাক্রমে এতদ্বারা বিমোচন (Expunge) করা হলো।

**এ,কে,এম শহীদুল হক** বিপিএম,পিপিএম
ইন্সপেক্টর জেনারেল।

---

## রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম

## আদেশাবলী

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২২/১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং প্রশা/০৩-২০১৬/২১৭**—ফেণী জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবু ইউসুফ মিয়া (বিপি-৬৭৯৩০০৬১৫৪)’ কে জনস্বার্থে চট্টগ্রাম জেলায় বদলী করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৩-০২-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৪-০২-২০১৬ খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

তারিখ, ০৫ ফাল্গুন ১৪২২/১৭ ফেব্রুয়ারি ২০১৬

**নং প্রশা/০৪-২০১৬/২২২**—পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-জিএ/৫০-২০১৩(ইন্স)/১৮৮/১(১৭), তারিখ-১৭-০১-২০১৬ খ্রিঃ মোতাবেক নোয়াখালী জেলা হতে সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব ফারুক আহমেদ (বিপি নং-৫৮৭৬০৫৮৩৩১) আরআই হিসাবে পদায়নের নিমিত্ত বদলীসূত্রে ১৭-০২-২০১৬ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাকে জনস্বার্থে নোয়াখালী জেলার সশস্ত্র পুলিশ পরিদর্শক (আরআই) এর শূন্য পদে বদলী/পদায়ন করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

তারিখ, ০৬ ফাল্গুন ১৪২২/১৮ ফেব্রুয়ারি ২০১৬

**নং প্রশা/০৩/২০১৬/২২৮**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/২-২০১৪(অংশ-১)(ইন্স)/৪০/১/(২৫), তারিখ-০৫-০১-২০১৬ খ্রিঃ মোতাবেক সুনামগঞ্জ জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব গাজী মোঃ সাখাওয়াত হোসেন (বিপি নং-৬৮৯১০৪৮৭৯২) বদলীসূত্রে ১০-০২-২০১৬ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাকে জনস্বার্থে চট্টগ্রাম জেলায় বদলী করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২২/২৭ ফেব্রুয়ারি ২০১৬

**নং প্রশা/০৩-২০১৬/২৬৫**—কুমিল্লা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মাইন উদ্দিন খান (বিপি-৬৬৯১০৬১৬৩৮)' কে আবেদনক্রমে ব্রাহ্মণবাড়িয়া জেলায় বদলী করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০৫-০৩-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ০৬-০৩-২০১৬ খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

আবেদনক্রমে বদলী করা হয়েছে বিধায় তিনি কোন প্রকার যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**মোহাঃ শফিকুল ইসলাম, বিপিএম**
ডিআইজি।

---

**পুলিশ সুপারের কার্যালয়**

**হাইওয়ে পুলিশ কুমিল্লা রিজিয়ন, কুমিল্লা**

**অফিস আদেশ**

তারিখ, ১৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং হাঃ পুঃ/কুঃ.১৫২(৩৫)/এইচএ**—হাইওয়ে পুলিশ কুমিল্লা রিজিয়ন, কুমিল্লায় কর্মরত নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত থানায় ওসি হিসেবে জনস্বার্থে বদলী করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

| ক্রঃ নং | নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ সহিদ উল্যা<br>বিপি- ৭৭০৪১০১৯৭১<br>পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) | ওসি, বারআউলিয়া হাইওয়ে থানা, চট্টগ্রাম। | ওসি, রাউজান হাইওয়ে থানা, চট্টগ্রাম। | -- |
| (২) | জনাব মোঃ ছালেহ্ আহাম্মদ পাঠান<br>বিপি- ৭৮০৪১০১৬২৩<br>পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) | ওসি, মহিপাল হাইওয়ে থানা, ফেনী। | ওসি, বারআউলিয়া হাইওয়ে থানা, চট্টগ্রাম। | -- |
| (৩) | জনাব এস এম জাহাঙ্গীর আলম<br>বিপি- ৭০৯৫০৩০৩৮৬<br>পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) | লাইন ওয়ার, হাইওয়ে পুলিশ কুমিল্লা রিজিয়ন, কুমিল্লা। | ওসি, মহিপাল হাইওয়ে থানা, ফেনী। | হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং হাঃ পুঃ/৩৭(৬)/এইচএ, তাং-০৪-০১-১৬খ্রিঃ মূলে হাইওয়ে পুলিশ বগুড়া রিজিয়ন বগুড়া হতে যোগদানকৃত। |
| (৪) | জনাব মোঃ আব্দুল মালেক<br>বিপি- ৬১৮১০১০২৩১<br>পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) | লাইন ওয়ার, হাইওয়ে পুলিশ কুমিল্লা রিজিয়ন, কুমিল্লা। | ওসি, চন্দ্রগঞ্জ হাইওয়ে থানা, লক্ষ্মীপুর। | হাইওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং হাঃ পুঃ/৬২২(৪)/এইচএ, তাং-০৩-০২-১৬খ্রিঃ মূলে হাইওয়ে পুলিশ গাজীপুর রিজিয়ন গাজীপুর হতে যোগদানকৃত। |

**মোঃ রেজাউল করিম**, পিপিএম-সেবা
পুলিশ সুপার।

---

**পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার**

**অফিস আদেশাবলী**

তারিখ, ০৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ০৪/২০১৬**—অত্র জেলায় কর্মরত পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ জহিরুল হক (বিপি-৬৬৯৩০০৩৭২৯১) (যিনি সিলেট রেঞ্জ আদেশ নং-২৬/২০১৬, তাং-৩১-০১-২০১৬ খ্রি. মূলে বদলীসূত্রে সিলেট জেলা হতে ০৩-০২-২০১৬ খ্রি. অত্র কার্যালয়ে যোগদান করেছেন), লাইন ও আর-কে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনস্বার্থে অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, মৌলভীবাজার জেলা হিসাবে বদলী করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ ০২ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং ০৮/২০১৬**— অত্র জেলায় কর্মরত পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মনসুর আহাম্মদ (বিপি-৭৬০৪১১২০২৬) (যিনি সিলেট রেঞ্জ আদেশ নং-৬৮/২০১৬, তাং-০১-০৩-২০১৬ খ্রি. মূলে বদলীসূত্রে ময়মনসিংহ জেলা হতে ০২-০৩-২০১৬ খ্রি. অত্র কার্যালয়ে যোগদান করেছেন), লাইন ও আর-কে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনস্বার্থে পুলিশ পরিদর্শক (তদন্ত), মৌলভীবাজার মডেল থানা, মৌলভীবাজার জেলা হিসাবে বদলী করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ শাহ জালাল**
পুলিশ সুপার।

---

**পুলিশ সুপারের কার্যালয়, মাগুরা**

**অফিস আদেশ**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং সি-২৭/২৩৬/১(২৬)**—রেঞ্জ ডিআইজির কার্যালয়, খুলনার প্রজ্ঞাপন নং- ২১১ এবং স্মারক নং-জিএ-০২/১৭২১/৯ উভয় তারিখ-২১-০২-২০১৬ খ্রিঃ মূলে আদিষ্ট হয়ে খুলনা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রেজাউল ইসলাম (৬৯৯৬১১১২৪৫) অদ্য ২৩-০২-২০১৬ তারিখ পূর্বাহ্নে মাগুরা জেলায় যোগদান করেছেন। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাকে জনস্বার্থে অত্র জেলার শ্রীপুর থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলী করা হলো। সেই সংগে শ্রীপুর থানার অফিসার ইনচার্জ জনাব মোঃ মনিরুজ্জামানকে লাইনওয়ারে সংযুক্ত করা হলো। তাকে থানার দায়িত্বভার হস্তান্তর করার জন্য নির্দেশ দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ কে এম এহ্সান উল্লাহ**
পুলিশ সুপার।

---

**কর কমিশনারের কার্যালয়**

**কর অঞ্চল-রাজশাহী**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ২ই-৩/২০১৫-২০১৬/১০৯৯**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কর অঞ্চল-রাজশাহীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত অফিসে বদলী/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | যে অফিসে বদলী করা হইল | যে অফিসে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল | যে অফিসের অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | জনাব ওয়াকিল আহমদ<br>উপকর কমিশনার<br>সার্কেল-১ (কোম্পানীজ), রাজশাহী। | .. | .. | উপকর কমিশনারের কার্যালয় সার্কেল-১৪, রাজশাহী। |
| (২) | জনাব মোঃ এনামুল কবির<br>সহকারী কর কমিশানার,<br>সার্কেল-৩, নওগাঁ। | .. | .. | উপকর কমিশনারের কার্যালয় সার্কেল-৬ (মহাদেবপুর), নওগাঁ। |
| (৩) | জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>সহকারী কর কমিশনার<br>(সদর দপ্তর ঃ প্রায়োগিক)<br>কর কমিশনারের কার্যালয়<br>কর অঞ্চল-রাজশাহী। | উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৩ (বৈতনিক), রাজশাহী। | উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-২২, (ভবানীগঞ্জ), রাজশাহী। | .. |
| (৪) | জনাব মীর মোঃ আরিফ হোসেন<br>সহকারী কর কমিশনার<br>সার্কেল-৮ (বৈতনিক), পাবনা। | উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৮, (বৈতনিক), রাজশাহী। | .. | .. |
| (৫) | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম<br>সহকারী কর কমিশনার<br>সার্কেল-১৮ (বৈতনিক), রাজশাহী। | উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-৮, (বৈতনিক), পাবনা। | .. | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬) | জনাব সুমন চন্দ্র কুন্ডু<br>সহকারী কর কমিশনার,<br>সার্কেল-৪, নওগাঁ। | .. | উপকর কমিশনারের<br>কার্যালয় সার্কেল-৬<br>(মহাদেবপুর), নওগাঁ। | .. |
| (৭) | জনাব মোঃ মকবুল হোসেন<br>সহকারী কর কমিশনার,<br>সার্কেল-২০, নাটোর। | উপকর কমিশনারের<br>কার্যালয়, সার্কেল-১৪,<br>রাজশাহী। | .. | .. |
| (৮) | জনাব মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>কর কমিশনারের কার্যালয়<br>কর অঞ্চল-রাজশাহী। | (সদর দপ্তর ঃ প্রায়োগিক)<br>কর কমিশনারের কার্যালয়,<br>কর অঞ্চল-রাজশাহী। | উপকর কমিশনারের<br>কার্যালয়, সার্কেল-১৭,<br>(বাঘা), রাজশাহী। | .. |
| (৯) | জনাব মোঃ খুরশীদ আলম<br>অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>(সদর দপ্তর ঃ প্রায়োগিক (Legal)<br>কর কমিশনারের কার্যালয়<br>কর অঞ্চল-রাজশাহী। | উপকর কমিশনারের<br>কার্যালয়, সার্কেল-১২,<br>(ঈশ্বরদী), পাবনা। | .. | উপকর কমিশনারের কার্যালয়<br>সার্কেল-১৭, (বাঘা), রাজশাহী।<br>উপকর কমিশনারের কার্যালয়,<br>সার্কেল-২২ (ভবানীগঞ্জ),<br>রাজশাহী। |
| (১০) | জনাব মোঃ সোলায়মান মিয়া<br>অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>(চঃ দাঃ), সার্কেল-১২ (ঈশ্বরদী)<br>পাবনা। | উপকর কমিশনারের<br>কার্যালয়, সার্কেল-২০,<br>নাটোর। | .. | উপকর কমিশনারের কার্যালয়,<br>সার্কেল-১৭, (বাঘা), রাজশাহী। |

২। ৯ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা প্রশিক্ষণ সমাপনান্তে বদলীকৃত কর্মস্থলে যোগদান করিবেন।

৩। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হইবেন।

৪। এই আদেশ জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ দবির উদ্দিন**
কর কমিশনার।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ ফেব্রুয়ারি ২০১৬

**নং ২য়/২২(৪২)ক্যাডার/ইটি/০৮(অংশ-১)/১৫/৬৯**—রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনয়ন এবং করদাতা বান্ধব পরিবেশ সৃজনের জন্য অনুসৃত "সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো" এর আওতায় স্থল শুল্ক স্টেশন, দর্শনায় কর্মরত সহকারী কমিশনার জনাব এ.কে.এম. বারীকুজ্জামানকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নড়াইল এ পদস্থ করা হল।

২। এছাড়া নিম্নের ছকে বর্ণিতরূপে পদস্থ/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হলঃ

**"ছক"**

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>উপ-কমিশনার (চঃ দাঃ) | বিভাগীয় দপ্তর, কুষ্টিয়া | বিভাগীয় দপ্তর, কুষ্টিয়া<br>অতিরিক্ত দায়িত্ব ঃ কাস্টমস,<br>এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মেহেরপুর |
| (২) | জনাব আবুল ইসলাম<br>সহকারী কমিশনার | বিভাগীয় দপ্তর, মেহেরপুর<br>অতিরিক্ত দায়িত্ব ঃ বিভাগীয় দপ্তর,<br>চুয়াডাঙ্গা কার্পাসডাঙ্গা গবাদিপশু<br>শুল্ক করিডোর। | স্থল শুল্ক স্টেশন, দর্শনা<br>অতিরিক্ত দায়িত্ব ঃ বিভাগীয় দপ্তর,<br>চুয়াডাঙ্গা কার্পাসডাঙ্গা গবাদিপশু শুল্ক<br>করিডোর। |

৩। জনাব এ.এস.এম নাজমুল হক শিমুল, সহকারী কমিশনারকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নড়াইল এর অতিরিক্ত দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হল।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জামাল হোসেন**
কমিশনার।

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

### প্রজ্ঞাপন

তারিখ, ২৯ ফেব্রুয়ারি ২০১৬

**নং বিআরটিএ/৩৪এ/৯৩/২০১১(অংশ-১)-৭৯৪**—১৯৮৩ সনের মোটরযান অধ্যাদেশ (সংশোধিত) এর ৫৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিআরটিএর স্মারক নং-বিআরটিএ/১৬২এ/৯৩ (অংশ-১)-৫৭৮, তারিখঃ ০৮-০৩-২০১১ খ্রিঃ মূলে পুনর্গঠিত মেট্রোপলিটন এলাকার ট্রান্সপোর্ট কমিটির গঠন কাঠামো আংশিক সংশোধন করে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার ট্রান্সপোর্ট কমিটির গঠন কাঠামো নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।

**সদস্যবৃন্দ**

(২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ এর একজন প্রতিনিধি।

(৩) যুগ্ম কমিশনার (ট্রাফিক), সিএমপি, চট্টগ্রাম।

(৪) ডিসি (ট্রাফিক), সিএমপি (সকল)।

(৫) চট্টগ্রাম সিটি করপোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি।

(৬) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর একজন প্রতিনিধি।

(৭) সহকারি পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, চট্টগ্রাম মেট্রো সার্কেল-১ ও ২।

(৮) সুশীল সমাজের একজন প্রতিনিধি।

(৯) এনজিও এর একজন প্রতিনিধি।

(১০) ব্যবসায়ীদের একজন প্রতিনিধি।

(১১) শিক্ষক সমাজের একজন প্রতিনিধি।

(১২) নারী সমাজের একজন প্রতিনিধি।

(১৩) টিও লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট সড়ক পরিবহন মালিক সমিতির ২ জন প্রতিনিধি (একজন যাত্রীবাহী পরিবহনের এবং একজন মালবাহী পরিবহনের)।

(১৪) আইআরও লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়-এর ২ জন প্রতিনিধি (একজন যাত্রীবাহী পরিবহনের এবং একজন মালবাহী পরিবহনের)।

(১৫) থ্রি-হুইলার ওনার্স এসোসিয়েশন এর একজন প্রতিনিধি (টিও লাইসেন্সপ্রাপ্ত)।

(১৬) থ্রি-হুইলার শ্রমিক সংগঠনের একজন প্রতিনিধি (আইআরও লাইসেন্সপ্রাপ্ত)।

**সদস্য-সচিব**

(১৭) উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

তারিখ : ৯ ফেব্রুয়ারি ২০১৬

**নং বিআরটিএ/৪৮এ/৮৯(অংশ-১)/২০১৫-৫৬১**—যেহেতু, জনাব মোঃ আবু আশরাফ সিদ্দিকী, সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা ইতিপূর্বে বিআরটিএ নারায়ণগঞ্জ সার্কেলে কর্মরত ছিলেন;

যেহেতু, বিআরটিএ নারায়ণগঞ্জ সার্কেলের মূল নথি না থাকা ৯৭৫টি গাড়ির কার্যক্রম নিষিদ্ধ থাকা সত্ত্বেও তিনি নারায়ণগঞ্জ-ট-৪১-০০০৫, নারায়ণগঞ্জ-ট-৪১-০০০৬, নারায়ণগঞ্জ-ট-৪১-০০১৪, নারায়ণগঞ্জ-ট-১১-০০৩৭, নারায়ণগঞ্জ-ট-৪১-০০৪৬, নারায়ণগঞ্জ-ট-৪১-০০৪৭, নারায়ণগঞ্জ-ট-৪১-০০৬৬, নারায়ণগঞ্জ-ট-১১-০০৮৬, নারায়ণগঞ্জ-ট-১১-০১২৯, নারায়ণগঞ্জ-ট-১১-০১৩৫, নারায়ণগঞ্জ-ট-১১-০২৪০, নারায়ণগঞ্জ-ট-১১-০৪৩৩, নারায়ণগঞ্জ-ট-১১-০৪৬০, নারায়ণগঞ্জ-ন-১১-০০২২, নারায়ণগঞ্জ-ন-১১-০০২৪, নারায়ণগঞ্জ-ন-১১-০০৭৭, নারায়ণগঞ্জ-শ-১১-০০৩২, নারায়ণগঞ্জ-ব-১১-০০৪১, নারায়ণগঞ্জ-ম-১১-০০০১ নং গাড়ির বিভিন্ন মেয়াদে ফিটনেস সার্টিফিকেট ইস্যু/নবায়ন করেন;

যেহেতু, এ বিষয়ে তাকে গত ১৭-১২-২০১৪ খ্রিঃ তারিখের ৩৫.০৩.০০০০.০০১..০০১.০৬২.২০১৪-৩৪৮৮ নং স্মারকমূলে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ২৩-১২-২০১৪ খ্রিঃ তারিখে জবাব প্রেরণ করেন;

যেহেতু, তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু, তার এহেন আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি অনুযায়ী অসদাচরণের সামিল এবং একই বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (নং-৪/২০১৫) রুজু করা হয়। সে প্রেক্ষিতে গত ০৫-০২-২০১৫ খ্রিঃ তারিখে অভিযোগনামা গঠনপূর্বক উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক কেন তাকে চাকরি হতে বরখাস্ত বা এই বিধি মোতাবেক অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে ১০ কর্মদিবসের মধ্যে একটি লিখিত কৈফিয়ত দাখিল করতে এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা বা তার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা জানাতে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি গত ১৫-০২-২০১৫ খ্রিঃ তারিখে এ বিষয়ে জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা ব্যক্ত করায় গত ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী অন্তে এ অথরিটির নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব দেবাশীষ নাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় অস্পষ্ট ও ত্রুটিপূর্ণ থাকায় জনাব মোঃ মকবুল হোসেন, উপপরিচালক (অডিট ও তদন্ত)-কে আহবায়ক ও জনাব এ এইচ এম আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটরকে সদস্য করে গত ২৯-০৯-২০১৫ খ্রিঃ তারিখে পুন: তদন্ত কমিটি গঠন করতঃ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক কমিটি গত ২৮-০১-২০১৬ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পুন: তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় কর্তৃপক্ষ এ বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, এক্ষণে, বিআরটিএ ঢাকা মেট্রো-২ সার্কেলে কর্মরত সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জনাব মোঃ আবু আশরাফ সিদ্দিকী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-৪/২০১৫ এর অভিযোগে হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এতে কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**নং বিআরটিএ/৪৭এ/২০০৫-৫৬২**—যেহেতু জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, উপপরিচালক (ইঞ্জিঃ চলতি দায়িত্ব), বিভাগীয় অফিস, বিআরটিএ চট্টগ্রাম ইতিপূর্বে সহকারী পরিচালক (ইঞ্জিঃ) হিসেবে বিআরটিএ সিলেট সার্কেলে কর্মরত ছিলেন;

যেহেতু, বিগত ০৮-১১-২০১৪ খ্রিঃ তারিখে 'সময়' অনলাইন পত্রিকায় "নতুন ২ হাজার লাইসেন্স, মেয়র কিছুই জানেন না" শিরোনামে প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে এ অথরিটির সচিব জনাব মুহাম্মদ শওকত আলী ও উপপরিচালক (আইন) জনাব মীর খায়রুল আলম কর্তৃক বিআরটিএ সিলেট সার্কেলের ২০০০টি সিএনজি চালিত থ্রি হুইলার অটোরিক্সা রেজিস্ট্রেশন প্রদান সংক্রান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, (ক) পত্রিকার রিপোর্টে বর্ণিত ২০০০টি নতুন সিএনজি চালিত অটোরিক্সা সিলেট জেলায় রেজিস্ট্রেশন দেয়া হয়েছে; (খ) সিলেট জেলায় ২০০০টি নতুন সিএনজি চালিত অটোরিক্সা রেজিস্ট্রেশন প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ আরটিসির এখতিয়ারভুক্ত হলেও বর্ণিত সিদ্ধান্ত গ্রহণে পূর্বতন সরকারি সিদ্ধান্ত, বিদ্যমান যানজট পরিস্থিতির উপর প্রভাব এবং সার্বিক পারিপার্শ্বিক পরিস্থিতি বিবেচনায় নেয়া হয়নি; (গ) মেয়র, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট জেলা আরটিসিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত আছেন, কিন্তু গত ০২-০৬-২০১৪ খ্রিঃ তারিখের আরটিসি সভা অনুষ্ঠানের বিষয়ে তাকে অবহিত করা হয়নি এবং গৃহীত সিদ্ধান্তও পরবর্তীতে তাকে অবহিত করা হয়নি;

যেহেতু, তিনি ২০০০টি সিএনজি চালিত অটোরিক্সা রেজিস্ট্রেশনের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র সভায় উপস্থাপন না করে এবং সভায় এর যৌক্তিকতা বিশ্লেষণের উদ্যোগ গ্রহণ না করে সভার সদস্য সচিব হিসেবে দায়িত্বে অবহেলা করেন; এবং

যেহেতু, ২০০০টি সিএনজি চালিত অটোরিক্সা রেজিস্ট্রেশনের সার্বিক কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি তিনি যথাযথভাবে বিআরটিএ সদর কার্যালয়ের নোটিশে না এনে অনেকটা নিরবে এবং তাড়াহুড়া করে তা সম্পাদনের প্রয়াস পান এবং এ ধরনের আচরণ দাপ্তরিক কাজে তার অস্বচ্ছতাকেই নির্দেশ করে। তদুপরি রেজিস্ট্রেশনের বিধিবদ্ধ প্রক্রিয়া অনুসরণেও স্বচ্ছতার অভাব পরিলক্ষিত হয়;

যেহেতু, তার এহেন আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি অনুযায়ী অসদাচরণের সামিল এবং একই বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে গত ০২-০৭-২০১৫ খ্রিঃ তারিখে বিভাগীয় মামলা (নং-১৩/২০১৫) রুজু করা হয়। সে প্রেক্ষিতে অভিযোগনামা গঠনপূর্বক উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক কেন তাকে চাকরি হতে বরখাস্ত বা এই বিধি মোতাবেক অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে মর্মে ১০ কর্মদিবসের মধ্যে একটি লিখিত কৈফিয়ত দাখিল করতে এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা বা তার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা জানাতে নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি গত ২৬-০৭-২০১৫ খ্রিঃ তারিখে এ বিষয়ে জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা ব্যক্ত করায় গত ১১-০৮-২০১৫ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী অন্তে গত ১১-০৮-২০১৫খ্রিঃ তারিখে এ অথরিটির নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব দেবাশীষ নাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ২৮-০১-২০১৬খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় কর্তৃপক্ষ এ বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, এক্ষণে, বিআরটিএ চট্টগ্রাম বিভাগীয় অফিসে কর্মরত উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং চলতি দায়িত্ব) জনাব মোহাম্মদ শহীদুল্লাহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৩/২০১৫ এর আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এতে কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোঃ মশিয়ার রহমান**
পরিচালক (প্রশাসন)।

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**এফএ এন্ড এমআইএস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ ফাল্গুন ১৪২২/২৫ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৫২.০১.০০০০.১০১.১৯.৯০০.১৩(অংশ-১)-৬৩২**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১০-০২-২০১৬ তারিখের ৮০.১০৮.০১২.০১.১২.০৪৯.২০১৬-২১ নং স্মারকের সুপারিশক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৫২.০০৫.০১২.০০.০০.২৯২.২০১২-৬৩ নং প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত ৩ (তিন) জন সহকারী পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) পদে (জাতীয় বেতনস্কেল-২০১৫ এর গ্রেড-৯, টাকা ২২০০০-৫৩০৬০/-) পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতির প্রেক্ষিতে তারা ১৮-০২-২০১৬ খ্রিঃ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে যোগদান করেছেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২৪ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৫২.০০৫.০১২.০০.০০.২৯২.২০১২-৬৬ সংখ্যক স্মারকে তাদের যোগদানপত্র গ্রহণপূর্বক পরবর্তী পদায়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ন্যস্ত করা হয়েছে।

২। বর্ণিত পরিসংখ্যান কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে যোগদানের তারিখ (১৮-০২-২০১৬) হতে কার্যকারিতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এ পদায়নপূর্বক তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থল ও পদে বদলী করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | পদায়নকৃত কর্মস্থল | বদলীকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ ইদ্রিছ আলী<br>পরিসংখ্যান কর্মকর্তা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদর দপ্তর, ঢাকা | উপপরিচালক (ভারপ্রাপ্ত) জেলা পরিসংখ্যান কার্যালয়, নাটোর |
| (২) | জনাব মোঃ আবদুল হাই<br>পরিসংখ্যান কর্মকর্তা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদর দপ্তর, ঢাকা | উপপরিচালক (ভারপ্রাপ্ত) জেলা পরিসংখ্যান কার্যালয়, জামালপুর |
| (৩) | জনাব মোঃ মাহবুবুল আলম<br>পরিসংখ্যান কর্মকর্তা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদর দপ্তর, ঢাকা | উপপরিচালক (ভারপ্রাপ্ত) জেলা পরিসংখ্যান কার্যালয়, শরিয়তপুর |

৩। উল্লিখিত কর্মকর্তাগণ আগামী ২৮-০২-২০১৬ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অব্যাহতি প্রাপ্ত হবেন। অন্যথায় ২৮-০২-২০১৬ খ্রি. তারিখ (অপরাহ্নে) নিজ কর্মস্থল হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন।

৪। বর্ণিত কর্মকর্তাগণ যোগদানের পর কোন কর্মকর্তার উপর সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত দায়িত্ব (যদি থাকে) বাতিল বলে গণ্য হবে।

৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৫২.০১.০০০০.১০১.১৯.৯০০.১৩(অংশ-১)-৬৩৩**—বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিম্নবর্ণিত জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপ-পরিচালক/ভারপ্রাপ্ত উপ-পরিচালকগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামে পার্শ্বে বর্ণিত জেলা পরিসংখ্যান কার্যালয়ে বদলী/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল ও পদবী | বদলীকৃত/অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত জেলা পরিসংখ্যান কার্যালয়ের নাম |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>উপপরিচালক | উপপরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয়, জয়পুরহাট | উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, জয়পুরহাট এবং অতিরিক্ত দায়িত্ব জেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ |
| (২) | জনাব মোঃ আবদুর রব ঢালী<br>উপপরিচালক | উপপরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয়, জামালপুর | উপপরিচালক, এসএসটিআই বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা। |

২। বর্ণিত কর্মকর্তাগণ যোগদানের পর কোন কর্মকর্তার উপর সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত দায়িত্ব (যদি থাকে) বাতিল বলে গণ্য হবে।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মনিরুজ্জামান**
পরিচালক (উপসচিব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।**

**(এল এ শাখা)**

**২০১৩ খ্রিঃ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে ভূমি অধিগ্রহণ মামলা**

**নং-০৬/২০১৩-১৪**

**"ফরম-ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নামঃ ৮৯ নং পশ্চিম পরাসর্দী, উপজেলা-শরীয়তপুর সদর, জেলা-শরীয়তপুর।

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৬৩, ১৪/১ | ৬২ | ০.০৮ | ০.০৩ |
| ৩০০, ৫৭৭ | ৬৪ | ১.০৪ | ০.৫৬ |
| ৫৮২ | ৭৩ | ০.২৫ | ০.২৩ |
| ১/১, ৩১৭/১ | ৭৪ | ০.২৫ | ০.০৫ |
| ১৪, ৫৮৯, ২৯৭ | ৮৩ | ০.৪৮ | ০.১৫ |
| ৩১, ২০ | ৮৪ | ০.৪৭ | ০.১৪ |
| ২৯৭, ৫৫২ | ৮৫ | ০.৪৭ | ০.০৮ |
| ১৪ | ৮৬ | ০.৪২ | ০.০৬ |
| ৮৪, ২৩৬ | ৯৪ | ০.৮৫ | ০.২০ |
| ১, ৪ | ৯৫ | ০.২০ | ০.০৩ |
| ২১, ২১২ | ৯৬ | ১.২৪ | ০.২০ |
| ২১২ | ৯৭ | ০.৩৯ | ০.০৪ |
| ২৩৩ | ৯৮ | ০.২১ | ০.০৮ |
| ১৫৪ | ৯৯ | ০.২১ | ০.১০ |
| ২৩৩ | ১০০ | ০.০৯ | ০.০৬ |
| ১৫৪ | ১০১ | ০.০৯ | ০.০৪ |
| ১/১ | ১৩৪ | ০.২৮ | ০.০৪ |
| ৫৫২ | ১৩৫ | ০.৭৯ | ০.২৪ |
| ৩১৮ | ১৩৬ | ০.৩১ | ০.০২ |
| ৪৩৫ | ১৩৭ | ০.৫০ | ০.৪২ |
| ১৪ | ১৩৮ | ০.২০ | ০.১৮ |
| ২৯৬ | ১৩৯ | ০.২০ | ০.০৭ |
| ১৩ | ১৪০ | ০.২০ | ০.০২ |
| - | - | - | সর্বমোট- ৩.০৪ একর |

**মোঃ মাহমুদুল হোসাইন খান**
জেলা প্রশাসক।

**২০১৩ খ্রিঃ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে ভূমি অধিগ্রহণ মামলা**

**নং-০৫/২০১৩-১৪**

**"ফরম-ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নামঃ ৮৬ নং কাশাভোগ, উপজেলা-শরীয়তপুর সদর, জেলা-শরীয়তপুর।

| খতিয়ান নং (এস.এ) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪০৬ | ৪৮৬ | ১.৪০ | ০.৪২ |
| ৪০৭ | ৪৪৪ | ০.৭৩ | ০.২০ |
| ৩৯৪ | ৪৪৬ | ০.৯৪ | ০.১৫ |
| ৪১০ | ৪৪৭ | ১.৩৭ | ০.২২ |
| ৪০৪ | ৪৪৮ | ০.৪২ | ০.০৯ |
| ৪০৫ | ৪৪৯ | ১.২৮ | ০.১৮ |
| ৪০৯ | ৪৮১ | ০.৯১ | ০.৪৪ |
| ৪৩৭ | ৪৮৪ | ০.৯০ | ০.২৮ |
| মৌজা-৯০ নং হাজতখোলা | - | - | - |
| ০৮ | ৬ | ০.১২ | ০.০৪ |
| ০৮ | ৭ | ০.০৯ | ০.০২ |
| ৯২ | ৮ | ০.৮৪ | ০.২০ |
| | | সর্বমোট | ২.২৪ একর |

**মোঃ মাহমুদুল হোসাইন খান**
জেলা প্রশাসক।

**২০১৩ খ্রিঃ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে ভূমি অধিগ্রহণ মামলা**

**নং-০৪/২০১৩-১৪**

**"ফরম-ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নামঃ ৮৫ নং চর কাশাভোগ, উপজেলা-শরীয়তপুর সদর, জেলা-শরীয়তপুর।

| খতিয়ান নং (বি.আর.এস) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৫, ৭৩, ৯১ | ২৭ | ০.৬৪ | ০.৫৪ |
| ৩০ | ২৮ | ০.২৮ | ০.২৪ |
| ৭৫ | ২৯ | ০.৮২ | ০.৭০ |
| ৯২ | ৩০ | ০.৬৩ | ০.০৮ |
| ০২ | ৭৭ | ১.১০ | ০.০৫ |
| ৩৮,৪০,৫১,৫৮,৪১ | ৯৬ | ০.৬২ | ০.২০ |
| ৭২ | ৯৮ | ০.১৮ | ০.১৮ |
| ৫০ | ৯৯ | ০.২৬ | ০.০৮ |
| ৩৮ | ১০০ | ০.১৩ | ০.০১ |
| ০১ | ১০৯ | ০.৩১ | ০.০২ |
| ০৭ | ১১২ | ০.৪০ | ০.১৪ |
| ৮৭ | ১১৩ | ০.৩৩ | ০.১০ |
| ৫৬ | ১১৪ | ০.৭২ | ০.৪৫ |
| ৫৬ | ১১৫ | ০.০৯ | ০.০৮ |
| ১০০ | ১১৬ | ০.১২ | ০.০২ |
| ০৮ | ১১৭ | ০.৫০ | ০.৩২ |
| ৩৮ | ১২৬ | ০.১১ | ০.০৯ |
| ৪৯ | ১২৭ | ০.১২ | ০.০৯ |
| ১০৪ | ১২৮ | ০.৭৬ | ০.০৫ |
| মৌজা-৮৬ নং কাশাভোগ | - | - | - |
| ৫১ (আরএস) | ৬৯৯ | ০.১০ | ০.০৫ |
| - | - | - | সর্বমোট-৩.৪৯ একর |

**মোঃ মাহমুদুল হোসাইন খান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল.এ. কেস নং-০১/২০১৪-২০১৫**
**ফরম-চ**
**[১২(২) ধারার অধীনে)]**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২(১৯৮২ সনের অধ্যাদেশ নং-II) এর অধীনে নিম্ন তফসিল সম্পত্তি অধিগ্রহণের নিমিত্ত ০১/২০১৪-২০১৫ নং এল.এ. কেসে অধিগ্রহণ কার্যক্রম আরম্ভ করা হয়েছিল, এবং যেহেতু এ পর্যন্ত কোন ক্ষতিপূরণ প্রদান করা হয়নি।

সেহেতু, এক্ষণে, উল্লেখিত অধ্যাদেশের ১২ ধারার (২) উপ-ধারার আদেশবলে আমি সরকারের পূর্বানুমোদনক্রমে উক্ত সম্পত্তি অধিগ্রহণ সংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/প্রত্যাহার করলাম।

**তফসিল**

জেলা-রাজবাড়ী, উপজেলা-রাজবাড়ী সদর, মৌজা-রাইনগর, জে.এল.নং-১১৭

| খতিয়ান নং (বি.এস) | দাগ নং (বি.এস) | দাগের শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | |
|---|---|---|---|---|
| | | | পূর্ণ | আংশিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১১৭ | ০২ | নাল | .. | ০.১০ |
| ২৯৩ | ০৩ | নাল | .. | ০.৪০ |
| ৫১৮ | ০৪ | নাল | ০.৪৬ | ... |
| ২৪৫ | ০৫ | নাল | ০.৪৭ | ... |
| ২০৪ | ০৬ | নাল | ০.৩৫ | ... |
| ২০৪ | ০৭ | নাল | ০.১২ | ... |
| ৩৯৫ | ০৮ | নাল | ০.১৩ | ... |
| ১৮৪ | ০৯ | নাল | ০.২৩ | ... |
| ১৩৯ | ১০ | নাল | ০.০৮ | ... |
| ৩০৩ | ১১ | নাল | ০.৪৪ | ... |
| ৩০৪ | ১২ | নাল | ০.১৭ | ... |
| ২৮ | ১৩ | নাল | ০.১২ | ... |
| ২৮ | ১৪ | নাল | ০.৩৬ | ... |
| ১৪৪ | ১৫ | নাল | ০.০৯ | ... |
| ১১৬ | ১৬ | নাল | ০.১৩ | ... |
| ২০৮ | ১৭ | নাল | ০.১৮ | ... |
| ১৮০ | ১৮ | নাল | ০.১৮ | ... |
| ১৮০ | ১৯ | নাল | ০.১০ | ... |
| ২০৪ | ২০ | নাল | ০.০৯ | ... |
| ১৫১ | ২১ | নাল | ০.১২ | ... |
| ৩৯৫ | ২২ | নাল | ০.০৯ | ... |
| ৩৮১ | ২৩ | নাল | ০.১৬ | ... |
| ৫১৯ | ২৪ | নাল | ০.১৪ | ... |
| ৩০১ | ২৫ | নাল | ০.১২ | ... |
| ৩৭৯ | ২৬ | নাল | ০.১৪ | ... |
| ৫১৯ | ২৭ | নাল | ০.২১ | ... |
| ১৩১ | ২৮ | নাল | ০.১১ | ... |
| ১৪৪ | ২৯ | নাল | ০.০৯ | ... |
| ১৮০ | ৩০ | নাল | ০.২৪ | ... |
| ২০৮ | ৩১ | নাল | ০.২৪ | ... |
| ১৪৫ | ৩২ | নাল | ০.২৮ | ... |
| ৪২৪ | ৩৩ | নাল | ০.২১ | ... |
| ৫১৫ | ৩৪ | নাল | ০.০৭ | ... |
| ৩০৩ | ৩৫ | নাল | ০.৩১ | ... |
| ২৮ | ৩৬ | নাল | ০.১৪ | ... |
| ৩৭৪ | ৩৭ | নাল | ০.২৪ | ... |
| ১৪৬ | ৩৮ | নাল | ০.৩৩ | ... |
| ১৫০ | ৩৯ | নাল | ০.৬৫ | ... |
| ৫৪৪ | ৪০ | নাল | ০.১৭ | ... |
| ৫১৫ | ৪১ | নাল | ০.১০ | ... |
| ৫৪৪ | ৪২ | নাল | ০.১৩ | ... |
| ৬৯১ | ৪৩ | নাল | ০.১৯ | ... |
| ৫৯৬ | ৪৪ | নাল | ০.০৮ | ... |
| ৫৯৯ | ৪৫ | নাল | ০.০৯ | ... |
| ৯২ | ৪৬ | নাল | ০.০৬ | ... |
| ৩৫৭ | ৪৭ | নাল | ০.৩০ | ... |
| ৬৪৮ | ৫৯ | নাল | ০.০২ | ... |
| ৬৩৩ | ৪৩৪ | নাল | ... | ০.৪৩ |
| ১৬২, ৩৫৭ | ৪৩৫ | নাল | ... | ০.১৪ |
| ৫০২ | ৪৩৬ | নাল | ... | ০.১০ |
| ৪৯ | ৪৩৭ | নাল | ... | ০.৩৪ |
| ৫৬৪ | ৪৫৩ | নাল | ... | ০.২৮ |
| ২০৮ | ৪৫৪ | নাল | ০.১৪ | ... |
| ১৮০ | ৪৫৫ | নাল | ০.১৪ | ... |
| ৬৩৩ | ৪৫৬ | নাল | ০.২২ | ... |
| ১১১ | ৪৫৭ | নাল | ০.২২ | ... |
| ৩৮১ | ৪৫৮ | নাল | ০.১১ | ... |
| ৩৮ | ৪৬০ | নাল | ০.১৬ | ... |
| ২৬৭ | ৪৬১ | নাল | ... | ০.২০ |
| ৩৫২ | ৪৬৩ | নাল | ... | ০.১৪ |
| | | মোট = | ৯.৭২ | ২.১৩ |

জেলা-রাজবাড়ী, উপজেলা-রাজবাড়ী সদর, মৌজা-বাগমারা, জে.এল.নং-১০৪

| খতিয়ান নং (বি.এস) | দাগ নং (বি.এস) | দাগের শ্রেণি | প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | |
|---|---|---|---|---|
| | | | পূর্ণ | আংশিক |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪৮৭ | ৫৪৩৮ | মাটিয়াল | ০.১০ | ... |
| ৪১৯ | ৫৪৩৯ | নাল | ০.০৫ | ... |
| ৪১৯ | ৫৪৪০ | নাল | ০.১০ | ... |
| ৮৯৯ | ৫৪৪১ | নাল | ০.৬০ | ... |
| ৭৯৬ | ৫৪৪২ | নাল | ০.৩০ | ... |
| ৭৯৬ | ৫৪৪৩ | মাটিয়াল | ০.০৮ | ... |
| ১৪৮৭ | ৫৪৪৪ | মাটিয়াল | ০.০৯ | ... |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪৮৭ | ৫৪৪৫ | নাল | ০.২৯ | ... |
| ১২৯৩ | ৫৪৪৬ | নাল | ০.২৩ | ... |
| ১৫০০ | ৫৪৪৭ | মাটিয়াল | ০.১৩ | ... |
| ১০৬৫ | ৫৪৪৮ | নাল | ০.০৫ | ... |
| ১০৬৫ | ৫৪৪৯ | নাল | ০.১৩ | ... |
| ৫৯ | ৫৪৫০ | নাল | ০.৫০ | ... |
| ৫৯ | ৫৪৫১ | মাটিয়াল | ০.১২ | ... |
| ৩১ | ৫৪৫২ | মাটিয়াল | ০.০৫ | ... |
| ৩১ | ৫৪৫৩ | নাল | ০.২১ | ... |
| ২৪৪ | ৫৪৫৪ | নাল | ০.২১ | ... |
| ২৪৪ | ৫৪৫৫ | নাল | ০.০৬ | ... |
| ২৭৭ | ৫৪৫৬ | নাল/মাটিয়াল | ০.০৬ | ... |
| ২৭৭ | ৫৪৫৭ | নাল | ০.১১ | ... |
| ১৯৬ | ৫৪৫৮ | নাল | ০.০৫ | ... |
| ৬৩৭ | ৫৪৫৯ | নাল | ০.১০ | ... |
| ৬৩৭ | ৫৪৬০ | নাল | ০.৩৪ | ... |
| ১৪৪৭ | ৫৪৬১ | নাল | ... | ০.২৪ |
| ১৪৪৭ | ৫৪৬২ | নাল | ০.৩৭ | ... |
| | | মোট = | ৪.৩৩ | ০.২৪ |

১। ১১৭ নং রাইনগর মৌজার (পূর্ণদাগ ৯.৭২ একর + আংশিক দাগ ২.১৩ একর) = ১১.৮৫ একর।

২। ১০৪ নং বাগমারা মৌজার (পূর্ণদাগ ৪.৩৩ একর + আংশিক দাগ ০.২৪ একর) = ৪.৫৭ একর।

সর্বমোট = (১১.৮৫ একর + ৪.৫৭ একর) = ১৬.৪২ একর কম/বেশী।

**জিনাত আরা**
জেলা প্রশাসক।

---

**এল. এ. কেস নং-০৩/২০১৪-২০১৫**

**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারার অধিনে)]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের অধ্যাদেশ নং-II) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল ঃ

**তফসিল**

জেলা ঃ রাজবাড়ী, উপজেলা ঃ কালুখালী

| মৌজার নাম | খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | দাগের শ্রেণি | দাগে মোট জমি (একরে) | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|---|---|---|---|
| ২৯২ নং মোহনপুর | ২২৯৮ | ৩২৩ | নাল | ০.১৬ | ০.১২ |
| | ২২৯৯ | ৩২৪ | নাল | ০.১৭ | ০.১৭ |
| | | | | মোট = | ০.২৯ |

ভূমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ীর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**জিনাত আরা**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী।**

**(অর্পিত সম্পত্তি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ০৫.৩০.৬৮০০.১১৮.০০.২০১৫-৪০(৮০)**—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় হতে নরসিংদী জেলায় সরবরাহকৃত ভিপি ০৬০৯ নং ডিসিআর বহির ০৩০৪৫০ নং ডুপ্লিকেট পাতা না থাকার কারণে বর্ণিত ডিসিআরের ০৩০৪৫০ নং ডুপ্লিকেট পাতা এতদ্বারা বাতিল করা হলো। বাতিলকৃত ডিসিআরের পাতা দ্বারা কোন প্রকার সরকারি অর্থ আদায় করা হলে বা কোন আদালতে উপস্থাপন বা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা হলে তা সম্পূর্ণ অবৈধ ও বেআইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনত দণ্ডনীয় হবেন।

**আবু হেনা মোরশেদ জামান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এল এ কেস নং ০১/জেলা সার্ভার স্টেশন/২০১৫**

**[৭৫(ছ) অনুচ্ছেদ অনুযায়ী]**

**বিজ্ঞপ্তি**

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়ার অনুকূলে ০৬/আরডি/১৯৬৫ নং এলএ কেসে অধিগ্রহণকৃত এবং গেজেট প্রকাশিত ৩.৪৯ একর জমির মধ্যে নিম্ন তফসিল বর্ণিত ০.১৬ একর জমি জেলা নির্বাচন অফিস স্থাপন প্রকল্প বাস্তবায়নের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের প্রস্তাবের আলোকে ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ শাখা-১ এর ১২-১২-২০১৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৫২. ০৬২.১২-৩৪৭ নং স্মারকের অনুমোদনক্রমে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়ের ১৯৯৭ এর ৭৫ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত ম্যানুয়েল ৭৫ অনুচ্ছেদের (ছ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আমি এতদ্বারা ঘোষণা করছি যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নির্বাচন কমিশন সচিবালয় বরাবরে হস্তান্তর করা হল।

**তফসিল**

মৌজাঃ ঠনঠনিয়া, জে.এল.নং-১১৮, উপজেলাঃ বগুড়া সদর, জেলাঃ বগুড়া।

| খতিয়ান নং (এম আর আর) | দাগ নং (সি এস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১২৯ | ৬৭৩ | ০.০৮ |
| ১২৯ | ৬৭৬ | ০.০৮ |
| | | মোট ০.১৬ একর |

**মোঃ আশরাফ উদ্দিন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।**
**(ভূমি হুকুম দখল শাখা)**
**এল, এ কেস নংঃ ০২/১৪-১৫**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ নাটোর জেলায় নাটোর সদর উপজেলায় এন এস আই এর স্থায়ী কার্যালয় নির্মাণকল্পে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং সেমতে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হচ্ছে ;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশ-এর ১১ ধারার ২ উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলাঃ নাটোর, উপজেলাঃ নাটোর সদর, মৌজাঃ নাটোর, জে এল নং-**১৫১**

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | অধিগৃহীত ভূমি (একরে) |
|---|---|---|
| ৭৯৯ | ১৩০৬৪ | ০.৩৩ |
| | | সর্বমোট ঃ ০.৩৩ একর |

সর্বমোট অধিগ্রহণকৃত ভূমি ঃ ০.৩৩ একর

**মোঃ তৌফিক আল মাহমুদ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়পুরা, নরসিংদী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.১২.১৪৩**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চান্দেরকান্দি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের (সাধারণ আসন) নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য আঃ বারিক, পিতাঃ মৃত নওয়াজ আলী, গ্রাম ঃ বড়কান্দা,ডাকঘর ঃ শ্রীনিধি, উপজেলা ঃ রায়পুরা, জেলা ঃ নরসিংদী বিগত ০৮-০১-২০১৬ খ্রিঃ তারিখ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তার নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে..........................রাজেউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩৫(ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আবদুল মতিন, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী উক্ত ০৮-০১-২০১৬ খ্রিঃ তারিখ হতে নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চান্দেরকান্দি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের (সাধারণ আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আবদুল মতিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নন্দীগ্রাম, বগুড়া।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৬ ফাল্গুন ১৪২২/২৮ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.৫০.১০৬৭.০০০.০৫.০০১.১৬.৪৭৫(১০)**—বগুড়া জেলাধীন নন্দীগ্রাম উপজেলার ৩নং ভাটরা ইউনিয়ন পরিষদের নির্বাচিত ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ খোরশেদ আলম গত ১২-০২-২০১৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

বর্ণিত ইউপি সদস্য মৃত্যুবরণের কারণে ইউনিয়ন পরিষদ ২০০৯ এর ৩৫ ধারার (১) উপ-ধারার (ঙ) এবং (২) উপ-ধারার (১) অনুযায়ী আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আনোয়ার ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, নন্দীগ্রাম, বগুড়া এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে নন্দীগ্রাম উপজেলার ৩ নং ভাটরা ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য পদটি ১২-০২-২০১৬ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আনোয়ার ইমাম**
উপজেলা নির্বাহী অফিসার।

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
## ভালুকা, ময়মনসিংহ।

### প্রজ্ঞাপন

তারিখ, ৪ এপ্রিল ২০১৬

**নং ০৫.৪৫.৬১১৩.০০৪.৪৩.০০০.১৫.৫৩৪**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩(৮) উপধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ কামরুল আহসান তালুকদার, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ, এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন হবিরবাড়ী ইউনিয়নের ২, ৩, ৫, ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড পুনঃবিন্যাস করণের লক্ষ্যে নিয়োজিত সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক ৩০-০৩-২০১৬ তারিখে প্রকাশিত চূড়ান্ত তালিকায় কোন আপত্তি না থাকায় উক্ত ইউনিয়নের ওয়ার্ডের বিভক্তিপূর্বক পুনঃবিন্যাস করে ওয়ার্ডের সীমানা নির্ধারণের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হল।

নিম্নে হবিরবাড়ী ইউনিয়নের সাধারণ ৯ (নয়) টি ওয়ার্ডের বিস্তারিত বিবরণী দেয়া হলো।

**ছক-ক**

**হবিরবাড়ী ইউনিয়নের ওয়ার্ড বিভক্তকরণের পুনর্বিন্যাসকৃত তালিকা ঃ**

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নম্বর | গ্রাম/মৌজার নাম | লোক সংখ্যা | ওয়ার্ডের সীমানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভালুকা | হবিরবাড়ী | ১ | ১। গাংগাটিয়া<br>২। পাড়াগাঁও (১নং ওয়ার্ড অংশ)<br>৩। পাড়াগাঁও গুচ্ছগ্রাম<br>৪। পাঁচপাই<br>৫। শিরিরচালা | ৪৯৬০ | গাংগাটিয়া, পাড়াগাঁও (১নং ওয়ার্ড অংশ), পাড়াগাঁও গুচ্ছগ্রাম, পাঁচপাই, শিরিরচালা পাড়াগাঁও মাগন আলী সরকারের বাড়ী হইতে জলিল মাষ্টারের বাড়ী হইয়া বিবিসানের বাইদ হইয়া উত্তরে গাংগাটিয়া সীমানা। | |
| | | ২ | ১। আউলাতলী<br>২। নলুয়াকুড়ি<br>৩। নিচ্ছাম<br>৪। পাড়াগাঁও বড়চালা | ৫০০০ | আউলাতলী, নলুয়াকুড়ি, নিচ্ছাম, পাড়াগাঁও বড়চালার দক্ষিণের অংশ (মজিবরের বাড়ীসহ) | |
| | | ৩ | ১। গৌরীপুর<br>২। চটাংপাড়া<br>৩। পাড়াগাঁও (৩নং ওয়ার্ড অংশ) | ৬১০৩ | পাড়াগাঁও আংশিক চটাংপাড়া, গৌরীপুর, বড়চালা উত্তরের অংশ আবুলের বাড়ী পর্যন্ত। | |
| | | ৪ | জামিরদিয়া (৪নং ওয়ার্ড অংশ) | ১৯০২৫ | জামিরদিয়ার উত্তরে বিলাইজুড়ি খাল হইতে সি এন্ড বি রাস্তার পূর্ব অংশ, গাজীপুর জেলার সীমা আবদার গ্রাম পর্যন্ত। | শিল্প কারখানা থাকায়। |
| | | ৫ | জামিরদিয়া (৫নং ওয়ার্ড অংশ) | ১৮৫৫০ | জামিরদিয়ার উত্তরে বিলাইজুড়ি খাল হইতে সি এন্ড বি রাস্তার পশ্চিমের অংশ, দক্ষিণের গাজীপুর জেলার নগর হাওলা সীমা পর্যন্ত। | শিল্প কারখানা থাকায়। |
| | | ৬ | কাশর (পূর্ব ও পশ্চিম অংশ) | ৭৮১৮ | সম্পূর্ণ কাশর মৌজা | |
| | | ৭ | হবিরবাড়ীর অংশ | ১৬০২৫ | উত্তরে ভালুকা ইউনিয়নের মেহেরাবাড়ী, দক্ষিণের বিলাইঝুড়ি খাল পূর্বে মোহাব্বত আলীর বাড়ী পশ্চিমে লাউতি খাল। | শিল্প কারখানা থাকায়। |
| | | ৮ | হবিরবাড়ী (আংশিক) ও ঝালপাজা, নন্দিপাড়া | ১০৬৯৩ | ঝালপাজা মৌজা, নন্দীপাড়া মৌজা ও হবিরবাড়ী, পশ্চিমে মোহাব্বত আলীর বাড়ী, দক্ষিণে আব্বাস আলীর বাড়ী, পূর্বে ঝালপাজা মৌজা সম্পূর্ণ, উত্তরে নন্দীপাড়া মৌজা সম্পূর্ণ। | |
| | | ৯ | মনোহরপুর সম্পূর্ণ, হবিরবাড়ী আংশিক | ১০৪৩০ | মনোহরপুর মৌজা হবিরবাড়ী আংশিক উত্তরে আব্বাস আলীর বাড়ী নিয়ে দক্ষিণে কলিমুদ্দিনের বাড়ী পশ্চিমে মহা সড়ক (আমতলী সহ) পূর্বে মনোহরপুর মৌজা সম্পূর্ণ। | |

**ছক-খ**

**ভালুকা উপজেলার ১০নং হবিরবাড়ী ইউনিয়নের সংরক্ষিত ওয়ার্ডের বিবরণী ঃ**

| সংরক্ষিত ওয়ার্ডের নম্বর | ভোটার এলাকার নাম | ওয়ার্ডের সীমানা/চৌহদ্দী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সাধারণ ১, ২ ও ৩ নং ওয়ার্ড | সাধারণ ১, ২ ও ৩ নং ওয়ার্ডের উল্লেখিত সীমানা | |
| ২ | সাধারণ ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড | সাধারণ ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের উল্লেখিত সীমানা | |
| ৩ | সাধারণ ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড | সাধারণ ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের উল্লেখিত সীমানা | |

**মোঃ কামরুল আহসান তালুকদার**
উপজেলা নির্বাহী অফিসার।